৫ম উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ- এর ৪৫ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ ফজলুল হক চৌধুরী সেলিম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

তারিখ : ২৬ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ
সময় : বেলাঃ ১১.৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট – ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট – খ

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার জনাব ইমরান শাহরীয়ার সভার পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন ও কোনরূপ সংশোধন বা পরিবর্তন না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। বিগত সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে উপস্থিত সদস্যবৃন্দ একে একে বক্তব্য উপস্থাপন করেন এবং বিভিন্ন বিভাগের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**এরপর অদ্যকার সভার কার্যপত্র মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।**

| ক্র | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :-** | | | |
| ০১ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২২ এ নবীগঞ্জ উপজেলার ৭নং করগাঁও ইউনিয়নের শেরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় জেলা পর্যায়ে চ্যাম্পিয়ান হয়েছে। আগামী ২৬/১০/২০২২ খ্রি. রোজ বুধবার বিভাগীয় পর্যায়ে খেলা অনুষ্ঠিত হবে। প্রতিবছরের ন্যায় এবারও ১৮২টি বিদ্যালয়ের জন্য নীতিমালা অনুযায়ী স্লিপের বরাদ্দ পাওয়া গেছে। বিদ্যালয়গুলিকে স্লিপের প্রাক্কলন তৈরী করে অনুমোদনসহ যথাযথ কার্যক্রম গ্রহণ করে আগামী ০১ (এক) মাসের মধ্যে বিল ভাউচার অফিসে জমা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে। এছাড়া উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | ০১। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সভার পক্ষ থেকে অনুরোধ জানানো হয়।<br>০২। শেরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় জেলা পর্যায়ে চ্যাম্পিয়ান হওয়ায় সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।<br>০৩। স্লিপের বরাদ্দের কাজ সরেজমিনে পরিদর্শন করে বিল ভাউচার ছাড়করণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, নবীগঞ্জ |
| **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :-** | | | |
| ০২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মোঃ ছাদেক হোসেন সভায় জানান যে, সারা দেশের ন্যায় নবীগঞ্জ উপজেলায় ০৫টি কেন্দ্রে আগামী ০৬/১১/২০২২ খ্রি. তারিখ হতে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা কেন্দ্রসমূহের সার্বিক পরিবেশ বজায় রাখতে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের সহযোগিতা কামনা করেছেন। এছাড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | প্রতিটি পরীক্ষা কেন্দ্রে পর্যাপ্ত পরিমান পুলিশ ফোর্স/আনসার মোতায়েনসহ ০৫টি পরীক্ষা কেন্দ্রের অনুকূল পরিবেশ বজায় রাখতে উপজেলা প্রশাসন সার্বিক সহযোগিতা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নবীগঞ্জ |
| **উপজেলা স্বাস্থ্য বিভাগ :-** | | | |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা অদ্যকার মাসিক সাধারন সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আন্তঃবিভাগ, | কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সভার পক্ষ থেকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নবীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | বহি:বিভাগ ও জরুরী বিভাগে ২৪/৭ সেবাদান কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবেই চলমান আছে। কোন সমস্যা নেই। | | |
| **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :-** | | | |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কোন কর্মকর্তা/কর্মচারী অদ্যকার মাসিক সাধারণ উপস্থিত না থাকায় বিভাগীয় আলোচনা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় উপস্থিত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ |
| **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :-** | | | |
| ০৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জনাব নুসরাত ফেরদৌসি সভায় জানান যে, ভিজিডি ২০২২-২০২৩ চক্রের অনলাইন আবেদন শুরু হয়েছে। এ বিষয়ে অবহিতকরণ সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর কার্যক্রম নির্দেশনা পাওয়া মাত্র জানিয়ে দেয়া হবে। এছাড়া উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবেই বাস্তবায়িত হচ্ছে। কোন সমস্যা নেই। | কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার রাখার অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নবীগঞ্জ |
| **উপজেলা সমবায় বিভাগ ঃ-** | | | |
| ০৬ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, নবীগঞ্জ উপজেলায় ১০টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি রয়েছে। উক্ত সমিতিতে জাইকার অর্থায়নে খাল খনন ও পলি অপসারণ সংক্রান্ত কাজে বিভিন্ন প্রকল্প বরাদ্দ হয় এবং এলজিইডি কর্তৃক উক্ত প্রকল্প বাস্তবায়ন করা হয়। কিন্তু উক্ত প্রকল্পের কোন তথ্য বা প্রকল্পের বরাদ্দ সংক্রান্ত কোন তথ্য উপজেলা সমবায় কার্যালয়কে অবগত করা হয় না। যার ফলে প্রকল্প বাস্তবায়ন নিয়ে বিভিন্ন অভিযোগ দেখা দেয় উক্ত সমিতিগুলির নামে খাল পুন:খনন/পলি অপসারণ বা নতুন প্রকল্পে বরাদ্দকৃত অর্থের হিসাব সমিতি কর্তৃপক্ষ সমিতির ক্যাশ খাতায় লিপিবদ্ধ করেন না। ফলে ম্যানুয়েল অডিট সম্পাদনের ক্ষেত্রে সঠিক তথ্য পাওয়া না। অনেক ক্ষেত্রে দেখা যায় যে, প্রকল্প বাস্তবায়ন করার পর সমিতির বিভিন্ন সদস্য পানি ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে তহবিল তছরুপের অভিযোগ দাখিল করেন। ফলে ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম প্রশ্নবিদ্ধ হয়ে পড়ে এবং সমিতির ভাবমূর্তি ক্ষুণ্ন হয়। তাছাড়া সমবায় কার্যালয়ে সমিতিগুলোর চলমান প্রকল্পর কোন তথ্য না থাকায় এ সংক্রান্ত অভিযোগের বিষয়ে সুষ্ঠু তদন্ত করা সম্ভব হয় না। তিনি জানান যে, পানি ব্যবস্থাপনা কমিটির বিভিন্ন প্রকল্পের টাকা উত্তোলনের ক্ষেত্রে উপজেলা প্রকৌশলীর বিরুদ্ধে অনিয়মের বিভিন্ন অভিযোগ রয়েছে। উপজেলা সমবায় অফিসার পানি ব্যবস্থাপনা সমিতির কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়নের লক্ষ্যে সমিতির নামে চলমান প্রকল্পের তথ্য প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>তিনি আরও জানান যে, সারদেশের ন্যায় অত্র নবীগঞ্জ উপজেলায় আগামী ০৫ই নভেম্বর-২০২২ জাতীয় সমবায় দিবস উদযাপন করা হবে। এতে আলোচনা সভা ও র‍্যালীতে অংশগ্রহণের জন্য সকল সদস্যদের নির্ধারিত তারিখ ও যথাসময়ে উপস্থিত বিনীতভাবে অনুরোধ জানান। এছাড়া উপজেলা সমবায় বিভাগের দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | ০১। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। উপজেলার ১৩টি ইউনিয়নে পানি ব্যবস্থাপনা সমিতির বাস্তবায়িত বা চলমান যে সকল প্রকল্প রয়েছে তার সঠিক তথ্য প্রদানের জন্য উপজেলা প্রকৌশলকে সভার পক্ষ থেকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। জাতীয় সমবায় দিবস-২০২২ সফল ও সার্থক করতে প্রত্যেক সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা সমবায় অফিসার, নবীগঞ্জ<br>০২। উপজেলা প্রকৌশলী, নবীগঞ্জ |
| **উপজেলা সমাজসেবা বিভাগ :-** | | | |
| ০৭ | উপজেলা সমাজসেবা অফিসের সহকারী জনাব সুখেন্দ্র চন্দ্র দাশ সভায় জানান যে, উপজেলা সমাজসেবা অফিসের দাপ্তরিক কার্যক্রম ও মাঠ পর্যায়ে সার্বক্ষনিক মনিটরিং চলমান আছে। কোন সমস্যা নেই। | কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা সমাজসেবা অফিসার, নবীগঞ্জ |
| **আমার বাড়ি আমার খামার প্রকল্প :-** | | | |
| ০৮ | পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যবস্থাপক জনাব দিবাংশু রঞ্জন রায় অফিসিয়াল জরুরী কাজে বাইরে থাকায় অদ্যকার মাসিক সাধারণ সভায় তিনি উপস্থিত থাকতে পারেন নি। | পরবর্তী সভায় উপস্থিত রাখার বিষয়ে সিদ্ধান্ত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ |
| **উপজেলা জনস্বাস্থ্য বিভাগ :-** | | | |
| ০৯ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জনাব মোহাম্মদ জাকারিয়া সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের দাপ্তরিক কার্যক্রম ও মাঠ পর্যায়ে সার্বক্ষনিক মনিটরিং চলমান আছে। কোন সমস্যা নেই। | পরবর্তী সভায় উপস্থিত রাখার বিষয়ে সিদ্ধান্ত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ |
| **তথ্য আপা : প্রকল্প (২য় পর্যায়) তথ্য কেন্দ্র :-** | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০ | উপজেলা তথ্যসেবা অফিসার জনাব নাহিদা আক্তার অদ্যকার মাসিক সাধারণ সভায় জানান যে, উপজেলা তথ্যসেবা অফিসের দাপ্তরিক কার্যক্রম ও মাঠ পর্যায়ে সার্বক্ষনিক মনিটরিং চলমান আছে। কোন সমস্যা নেই। | কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। তথ্যসেবা কর্মকর্তা, তথ্যসেবা, নবীগঞ্জ |
| **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :-** | | | |
| ১১ | সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ নজরুল ইসলাম অদ্যকার মাসিক সভায় জানান যে, আগামী ০১ নভেম্বর-২০২২ তারিখ জাতীয় যুব দিবস-২০২২ উপলক্ষে আলোচনা ও র‍্যালী অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা ও র‍্যালীতে নির্ধারিত তারিখ ও যথাসময়ে উপস্থিত থাকার জন্য উপস্থিত সম্মানিত সকল সদস্য সবিনয় অনুরোধ জানান। এ বিষয়ে সভায় আলোচনা। | জাতীয় যুব দিবস-২০২২ সফল ও সার্থক করতে প্রত্যেক সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, নবীগঞ্জ |
| **উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প (পল্লীপ) বিভাগ :-** | | | |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (পল্লীপ) জনাব সাকিল আহমেদ অদ্যকার মাসিক সাধারণ সভায় জানান যে, **উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প (পল্লীপ)** এর দাপ্তরিক সার্বিক কর্মকান্ড সুষ্ঠু ও স্বাভাবিকভাবেই বাস্তবায়িত হচ্ছে। কোন সমস্যা নেই। | কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার বিষয়ে সভায় তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (পল্লীপ), নবীগঞ্জ |
| **উপজেলা আনসার ভিডিপি বিভাগ :-** | | | |
| ১৩ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জনাব ফাতেমা খাতুন অদ্যকার মাসিক সাধারণ সভায় জানান যে, **উপজেলা আনসার ভিডিপি** এর দাপ্তরিক সার্বিক কর্মকান্ড সুষ্ঠু ও স্বাভাবিকভাবেই বাস্তবায়িত হচ্ছে। কোন সমস্যা নেই। | কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার বিষয়ে সভায় তাকে অনুরোধ জানানো হয়। | ০১। উপজেলা আনসার ভিডিপি অফিসার, নবীগঞ্জ |
| **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :-** | | | |
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (অঃদাঃ) জনাব মোঃ তোফাজ্জল হোসেন খান অদ্যকার মাসিক সভায় অফিসিয়াল জরুরী কাজে বাইরে অবস্থান করায় অদ্যকার মাসিক সাধারণ সভায় তিনি উপস্থিত হতে পারেন নি। | পরবর্তী সভায় উপস্থিত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ |
| **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :-** | | | |
| ১৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জনাব ডা. মোঃ হাবিবুন নবী অদ্যকার মাসিক সাধারণ সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ অফিসের সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবেই বাস্তবায়িত হচ্ছে। কোন সমস্যা নেই। | কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার বিষয়ে সভায় তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নবীগঞ্জ |
| **উপজেলা মৎস্য বিভাগ :-** | | | |
| ১৬ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জনাব আসাদ উল্লাহ অদ্যকার মাসিক সাধারণ সভায় জানান যে, উপজেলার ৭নং করগাঁও ইউনিয়নের পিংলি নদীর পাড়ের স্থানীয় লোকজন নদীতে মৎস্য আহরণের জন্য কচুরীপানা আটকে রাখা ও বাশ দিয়ে বেড়া দেয়ার কারণে বর্ষাকালে নৌকা চলাচলে মারাত্মকভাবে বাধাগ্রস্ত হচ্ছে। বিগত বন্যায় ত্রাণ বিতরণকালে নৌকা নিয়ে দুর্গত এলাকায় পৌঁছানো সম্ভব হয়নি। যারা অবৈধভাবে বাঁশ দিয়ে কাঁটা ও কচুরীপানা আটকে রেখে নৌকা চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করছেন তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া উপজেলা মৎস্য অফিসের সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবেই বাস্তবায়িত হচ্ছে। কোন সমস্যা নেই। | বিস্তারিত আলোচনার পর সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যান ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, ৭নং করগাঁও ইউ/পি, নবীগঞ্জ<br>০২। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নবীগঞ্জ |
| **উপজেলা কৃষি বিভাগ :-** | | | |
| ১৭ | উপজেলা কৃষি কর্মকর্তা জনাব এ.কে.এম মাকসুদুল আলম সভায় জানান যে, উপজেলা কৃষি অফিসের সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবেই বাস্তবায়িত হচ্ছে। কোন সমস্যা নেই। | কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার বিষয়ে সভায় তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, নবীগঞ্জ |
| **বন বিভাগ সংক্রান্ত আলোচনা :** | | | |
| ১৮ | উপজেলা ভারপ্রাপ্ত বন কর্মকর্তা জনাব খায়রুল ইসলাম অদ্যকার সভায় জানান যে, উপজেলা বন বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবেই বাস্তবায়িত হচ্ছে। কোন সমস্যা নেই। | কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা বন কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ |
| **প্রকল্প বাস্তবায়ন বিভাগ :-** | | | |

| | | | |
|---|---|---|---|
| ১৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব মোঃ তাজ উদ্দিন অত্র সভায় জানান যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবেই বাস্তবায়িত হচ্ছে। কোন সমস্যা নেই। | কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্র. বাস্তবায়ন কর্ম., নবীগঞ্জ |
| **প্রকৌশল বিভাগ/এডিপি সংক্রান্ত আলোচনা :** | | | |
| ২০ | উপজেলা প্রকৌশলী সাব্বির আহমেদ অত্র সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি'র তালিকা এখনও পাওয়া যায়নি। প্রতিটি ইউনিয়ন পরিষদ ও দপ্তর প্রধানগণ অগ্রাধিকার প্রকল্প তালিকা প্রস্তুত করে উপজেলা পরিষদ/উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে প্রেরণের জন্য তিনি অনুরোধ জানান। এ বিষয়ে আলোচনা হয়। | অগ্রাধিকার এডিপি'র তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যান, নবীগঞ্জ<br>০২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ, নবীগঞ্জ<br>০৩। উপজেলা প্রকৌশলী, নবীগঞ্জ |
| **রাজস্ব তহবিল সংক্রান্ত আলোচনা :-** | | | |
| ২১ | ক) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে বিগত ফেব্রুয়ারী-২০২০ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারক মোতাবেক নিয়মিত ও নির্ধারিত আপ্যায়ন বাবদ- ৩০,০০০/- টাকা এবং অন্যান্য আনুষঙ্গিক ব্যয় ও বাবদ- ৫,০০০/- টাকা ও ১৭টি স্থায়ী কমিটি সভা পরিচালনা ব্যয় ৮,০০০/- (আট হাজার) টাকা সভায় উপস্থাপন করা হয়। | ক) উপস্থাপিত আপ্যায়ন ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ<br>০৩। উপজেলা প্রকৌশলী, নবীগঞ্জ |
| | খ) উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা বাবদ চেয়ারম্যান- ৪০,০০০/-, ভাইস চেয়ারম্যান-২৭,০০০/-, মহিলা ভাইস চেয়ারম্যান-২৭,০০০/- এবং চেয়ারম্যান মহোদয়ের বাসা ভাড়া ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ সর্বমোট -৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকার বিল অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত বিল সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | খ) উপস্থাপিত সম্মানী ভাতা উপজেলা পরিষদ রাজস্ব জমা তহবিল হতে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | গ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ এর ৫ (ত) এর নির্দেশনা অনুসরণ পূর্বক উপজেলা পরিষদের জন্য নিয়োগকৃত মালি জনাব কিরন চন্দ্র দাশকে দৈনিক মজুরী ভিত্তিতে ০৯ নভেম্বর, ২০২০ খ্রি. এর ৮৮৩ নং স্মারক মোতাবেক দক্ষ মালি হিসেবে দৈনিক ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ) টাকা হারে মুজুরী প্রদান করার নির্দেশনা আসছে। সে প্রেক্ষিতে তার নভেম্বর/২০২০ মাস হতে দৈনিক ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ) টাকা হারে মজুরী প্রদান করার বিষয়ে সভায় সকল সদস্য মতামত প্রদান করেন। | গ) দৈনিক ভিত্তিতে নিয়োগকৃত মালি জনাব কিরণ চন্দ্র দাশকে দক্ষ মালি হিসেবে দৈনিক ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ) টাকা হারে (সরকারী ছুটির দিন ব্যতীত) প্রতি মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ঘ) উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের জুলাই/২০২২ হতে অক্টোবর/২০২২ খ্রি. পর্যন্ত মোট ০৪ (চার) মাসের ভ্রমণ ব্যয় চেয়ারম্যান-৪৩,৭৫০/- টাকা, ভাইস চেয়ারম্যানের ভ্রমণ ব্যয়- ৩৫,৪৬৯/- টাকা ও মহিলা ভাইস চেয়ারম্যানের ভ্রমণ ব্যয়- ৩২৫৩৭/- টাকার ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত ভ্রমণ বিল পর্যালোচনাক্রমে সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং বিল পরিশোধের বিষয়ে সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | ঘ) বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহের জন্য অত্র সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঙ) উপজেলা সমবায় কর্মকর্তা জনাব মোঃ ইসমাইল তালুকদার সভায় জানান যে, উপজেলা পরিষদের নতুন ভবন তৈরীর লক্ষ্যে উপজেলা সমবায় অফিস ভেঙে ফেলায় বর্তমানে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের ২য় তলার ১টি কক্ষে অফিস স্থানান্তর করা হয়। কিন্তু ১টি মাত্র কক্ষে জায়গা সংকুলান না হওয়ায় সেবাগ্রহীতাদের সেবা দিতে মারাত্মক সমস্যা সৃষ্টি হচ্ছে। তাই রুমের বাইরে করিডোরে অস্থায়ীভাবে ১টি কক্ষ তৈরী করা অতীব জরুরী। উক্ত অস্থায়ী কক্ষ তৈরী করতে প্রায় ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার প্রয়োজন। এ ব্যাপারে তিনি সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করেন। | ঙ) বিস্তারিত আলোচনার পর জনস্বার্থ বিবেচনায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (চ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, নতুন ভবন নির্মাণের নিমিত্ত ভেঙে ফেলা উপজেলা পরিষদের হলরুমের সিসি ক্যামেরা জরুরী ভিত্তিতে খোলা ও পানির লাইন মেরামত করা হয়েছে। এ খাতে প্রায় | চ) সিসি ক্যামেরা খোলা ও পানির লাইন মেরামতের ৭,৫৩০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের | |

| | | | |
|---|---|---|---|
| | ৭,৫৩০/- টাকা ব্যয় হয়েছে বলে তিনি পরিষদকে অবহিত করেন এবং বিল পরিশোধের বিষয়ে সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এ বিষয়ে সভায় আলোচনা হয়।<br>(ছ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের ফটোকপি মেশিনের কালি ও ১টি ইলেকট্রনিক কেটলী জরুরী ভিত্তিতে ক্রয় করা হয়েছে। উক্ত কালি ও ইলেকট্রিক কেটলী ক্রয় করতে প্রায় ৬০৯০/- (ছয় হাজার নব্বই) টাকা ব্যয় হয়েছে বলে পরিষদকে অবহিত করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়।<br>(জ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের জন্য জরুরী ভিত্তিতে কিছু ক্রোকারিজ সামগ্রী ক্রয় করা হয়েছে। এ খাতে প্রায় ২০,০০০/- (বিশ হাজার) টাকা ব্যয় বলে পরিষদকে অবহিত করা হয়। এ বিষয়ে সভায় আলোচনা হয়।<br>(ঝ) উপজেলা নির্বা হী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ ভবনের সিসি ক্যামেরা স্থাপন ও মেরামতের ১০৮০০/- (দশ হাজার আটশত) টাকা বকেয়া রয়েছে। উক্ত টাকা পরিশোধের জন্য হবিগঞ্জ ফিউশন ইলেকট্রনিক এন্ড কম্পিউটার থেকে বিল ভাউচার দাখিল করেছেন। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং বিল পরিশোধের বিষয়ে উপস্থিত সদস্যগণ মতামত ব্যক্ত করেন।<br>ঞ) উপজেলা নির্বাহী অফিসার অদ্যকার মাসিক সাধারণ সভায় জানান যে, উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের লক্ষ্যে পুরাতন ভবনগুলি ভেঙ্গে ফেলায় কিছু অফিস বাইরে ভাড়া নিয়ে অফিসিয়াল কার্যক্রম পরিচালনা করছে। বিধায় জরুরী কাজে সংশ্লিষ্ট দপ্তর প্রধানদের সাথে যোগাযোগ করতে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে পরিষদের অভ্যন্তরে ফাঁকা জায়গা নির্বাচন করে ০১ (এক) টি টিনসেড ঘর নির্মাণের বিষয়ে উপস্থিত সদস্যগণ মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, টিনসেড ঘর নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন মোতাবেক টিনসেড ঘর নির্মাণে প্রায় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় হবে বলে তিনি পরিষদকে অবহিত করেন। | বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ছ) কেটলী ও ফটোকপি মেশিন ক্রয়ের ৬,০৯০/- (ছয় হাজার নব্বই) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জ) বিস্তারিত আলোচনার পর ক্রোকারিজ ক্রয়ের ২০,০০০/- (বিশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঝ) সিসি ক্যামেরা স্থাপন ও মেরামতের ১০,৮০০/- (দশ হাজার আটশত) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঞ) টিনসেড ঘর নির্মাণের ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **বিবিধ আলোচনা :-** | | | |
| ২২ | ক) জনাব মোঃ ফজলুল হক চৌধুরী সেলিম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ- এর নভেম্বর/২০২২ খ্রি. মাসের সম্ভাব্য ভ্রমণসূচী অদ্যকার মাসিক সাধারণ সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত ভ্রমণসূচী পর্যালোচনায় দেখা যায় যে, নভেম্বর/২০২২ খ্রি. মাসে মোট ২০ (বিশ) দিন ভ্রমণ করবেন মর্মে ভ্রমণসূচীতে উল্লেখ রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>খ) জনাব এডভোকেট গতি গোবিন্দ দাশ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ-এর নভেম্বর/২০২২ খ্রি. মাসের সম্ভাব্য ভ্রমণসূচী অদ্যকার মাসিক সাধারন সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত ভ্রমণসূচী পর্যালোচনায় দেখা যায় যে, নভেম্বর/২০২২ খ্রি. মাসে মোট ১৬ (ষোল) দিন ভ্রমন করবেন মর্মে ভ্রমণসূচীতে উল্লেখ রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>গ) জনাব নাজমা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ-এর নভেম্বর/২০২২ খ্রি. মাসের সম্ভাব্য ভ্রমণসূচী অদ্যকার মাসিক সাধারণ সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত ভ্রমণসূচী পর্যালোচনায় দেখা যায় যে, নভেম্বর/২০২২ খ্রি. মাসে মোট ১৫ (ষোল) দিন ভ্রমণ করবেন মর্মে ভ্রমণসূচীতে উল্লেখ রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়।<br>ঘ) ১৩নং পানিউমদা ইউনিয়নের মেসার্স ওসমান ট্রেডার্স নামীয় সার ডিলার, প্রোঃ নুরুল আমিন ওসমান, ১৩নং পানিউমদা ইউনিয়নের সার | ক) বিস্তারিত আলোচনার পর উক্ত ভ্রমণসূচী অদ্যকার মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং সভার কার্যবিবরণীতে সম্ভাব্য ভ্রমণসূচী সংযুক্ত করে রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বিস্তারিত আলোচনার পর উক্ত ভ্রমণসূচী অদ্যকার মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং সভার কার্যবিবরণীতে সম্ভাব্য ভ্রমণসূচী সংযুক্ত করে রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) বিস্তারিত আলোচনার পর উক্ত ভ্রমণসূচী অদ্যকার মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং সভার কার্যবিবরণীতে সম্ভাব্য ভ্রমণসূচী সংযুক্ত করে রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) বিস্তারিত আলোচনার পর উপজেলা কৃষি অফিসার সরজেমিনে তদন্ত করে সংশ্লিষ্ট | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ।<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ<br>উপজেলা কৃষি অফিসার, নবীগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | ও বীজ ডিলার হিসেবে দীর্ঘদিন যাবত নিয়োজিত রয়েছেন। কিন্তু সাধারণ কৃষকগণ সার ও বীজ ক্রয় করতে গেলে তিনি গুদামে কোন মালামাল নাই বলে তাদেরকে ফিরিয়ে দেন। সরেজমিনে গুদামে গেলে দেখা যায় যে; পর্যাপ্ত পরিমান সার ও বীজ রয়েছে। কিন্তু খোঁজ নিয়ে জানা যায় যে, অন্যত্র কালোবাজারিভাবে বেশি দরে বিক্রি করার জন্য খুচরা বিক্রেতাদের সাথে তিনি এমন আচরণ করে থাকেন। এ বিষয়ে ইউনিয়নের সাধারণ কৃষকগণ উপজেলা নির্বাহী অফিসার বরাবরে লিখিতভাবে আবেদন দাখিল করেন। আবেদনখানা সভায় উপস্থাপন করা হয় এবং এ বিষয়ে আলোচনা হয় | সার ডিলারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন

১৩/১১/২২

(মো: ফজলুল হক চৌধুরী সেলিম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
নবীগঞ্জ, হবিগঞ্জ।

স্মারক নং- ৪৬.৬০.৩৬৭৭.০০২.৫৩.০০১(২).২০২২-৬৮(৪৬)

তারিখ ঃ- ১৩/১১/২০২২ খ্রি:

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে-

০০-০১। মাননীয় সংসদ সদস্য- ২৩৯, হবিগঞ্জ- ১ (নবীগঞ্জ-বাহুবল) নির্বাচনী এলাকা।
০০-০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০০-০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
০০-০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।
০০-০৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।
০৯-২১। চেয়ারম্যান.....................................................ইউ/পি (সকল), নবীগঞ্জ, হবিগঞ্জ।
২২-৩৮। উপজেলা.......................................................কর্মকর্তা (সকল), নবীগঞ্জ, হবিগঞ্জ।
০০-৩৯। অফিসার ইনচার্জ, নবীগঞ্জ, হবিগঞ্জ।
৪০-৪৪। জনাব .......................................সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।
০০-৪৫। জনাব কাজী মইনুল হোসেন, সহকারী প্রোগ্রামার (অ: দা:), নবীগঞ্জ, হবিগঞ্জ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০০-৪৬। অফিস কপি।

১৩.১১.২২

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ
ফোন নং ০২৯৯৬৬৩০৭৪৯৫
E-mail : unonabiganj@mopa.gov.bd

## পরিশিষ্ট "ক"

-ঃ ৪৫ তম মাসিক সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ-

| ক্রমিক | সদস্যবৃন্দের নাম | পদবী | মোবাইল নং- |
|---|---|---|---|
| ০১. | জনাব এডভোকেট গতি গোবিন্দ দাশ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১১-০১২৫৭৬ |
| ০২. | জনাব মহিতোষ দাশ | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ১ নং বড় ভাকৈর (প:) ইউ/পি, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৩২২-৫৪৪৯৫৫ |
| ০৩. | জনাব মোঃ সোমান হোসেন | চেয়ারম্যান, ৩ নং ইনাতগঞ্জ ইউ/পি, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭৫৮-১৫৬১৫৬ |
| ০৪. | জনাব মোঃ ছালিক মিয়া | চেয়ারম্যান, ৪ নং দীঘলবাক ইউ/পি, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৮১৯-৫৬৫২০১ |
| ০৫. | জনাব দিলাওর হোসেন | চেয়ারম্যান, ৫ নং আউশকান্দি ইউ/পি, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭২৬-০৯৮২৩৪ |
| ০৬. | জনাব নির্মলেন্দু দাশ রানা | চেয়ারম্যান, ৭ নং করগাঁও ইউ/পি, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭৫৭-৮২২৩৫৫ |
| ০৭. | জনাব মোঃ হাবিবুর রহমান | চেয়ারম্যান, ৮ নং নবীগঞ্জ সদর ইউ/পি, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৭-৩১৯৮৮৪ |
| ০৮. | জনাব ইমদাদুল হক চৌধুরী | চেয়ারম্যান, ১২ নং কালিয়ারভাঙ্গা ইউ/পি, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৭-২৩১৪৪৭ |
| ০৯. | জনাব সাকির আহমেদ | উপজেলা প্রকৌশলী, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭০৮-১৬১৬৬৬ |
| ১০. | জনাব মোঃ আসাদ উল্লাহ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (অঃ দাঃ), নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৮-৪০০৬৮৯ |
| ১১. | জনাব ডাঃ মোঃ হাবিবুন্নবী | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৮-০৬৫৮০৩ |
| ১২. | জনাব কাজী সাইফুল ইসলাম | উপজেলা শিক্ষা অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৫-২৮৭৮৬০ |
| ১৩. | জনাব মোঃ তাজ উদ্দিন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ | |
| ১৪. | জনাব এ,কে,এম মাকসুদুল আলম | উপজেলা কৃষি অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭২৩-৫৮৬৮৭৮ |
| ১৫. | জনাব নুসরাত ফেরদৌসি | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৮১৮-৩৪৩০৬৮ |
| ১৬. | জনাব মোঃ ইসমাইল তালুকদার | উপজেলা সমবায় অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৫-১৪১৮০৪ |
| ১৭. | জনাব সাকিল আহমেদ | উপজেলা প্রকল্প কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৫-৫২১৮৯৭ |
| ১৮. | জনাব নাহিদা আক্তার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প | ০১৭৪৫-৮১৩০৬৯ |
| ১৯. | জনাব ফাতেমা খাতুন | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭৪৫-২২১৪১৪ |
| ২০. | জনাব মোহাম্মদ জাকারিয়া | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৬৮৬-৩৮৩৪৮৫ |
| ২১. | জনাব ডাঃ মোঃ রাকিবুল ইসলাম | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৫-০৫০৬২১ |
| ২২. | জনাব মোঃ ছাদেক হোসেন | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭৯৭-০৬২৫১০ |
| ২৩. | জনাব মোহাম্মদ ফয়জুল্লাহ | ডিজিএম, নবীগঞ্জ পল্লী বিদ্যুৎ | ০১৭৬৯-৪০০১৫৭ |
| ২৪. | জনাব সুশেন্দ্র চন্দ্র দাশ | সহকারী, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৯১২-৮৮৪৩১৪ |
| ২৫. | জনাব মোছাঃ সামছুন্নাহার | সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৯-৩৭৩১২৯ |
| ২৬. | জনাব মোঃ নজরুল ইসলাম | সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭৫১-৫১২২৯৯ |

## পরিশিষ্ট "খ"

অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ-

| ক্রমিক | সদস্যবৃন্দের নাম | পদবী | মোবাইল নং |
|---|---|---|---|
| ০১. | জনাব ছাবির আহমেদ চৌধুরী | মেয়র, নবীগঞ্জ পৌরসভা | ০১৮১৯-৫৬০২৫৬ |
| ০২. | জনাব নাজমা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৭-৯০৭৯৫৬ |
| ০৩. | জনাব মোঃ আক্তার হোসেন ছোবা | চেয়ারম্যান, ২নং বড় ভাকৈর (পূর্ব) ইউ/পি, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৫-০২০৮৬৯ |
| ০৪. | জনাব সৈয়দ খালেদুর রহমান | চেয়ারম্যান, ৬ নং কুর্শি ইউ/পি, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১১-৯১১৯৪১ |
| ০৫. | জনাব শেখ ছাদিকুর রহমান শিপু | চেয়ারম্যান, ৯ নং বাউসা ইউ/পি, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৬-৮১৩৮৯০ |
| ০৬. | জনাব শাহরিয়াজ নাদির সুমন | চেয়ারম্যান, ১০ নং দেবপাড়া ইউ/পি, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৮৩৪-০৭৯৪৪৪ |
| ০৭. | জনাব ইমদাদুর রহমান মুকুল | চেয়ারম্যান, ১১ নং গজনাইপুর ইউ/পি, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৫-০৪৫১৭১ |
| ০৮. | জনাব মোঃ ইজাজুর রহমান | চেয়ারম্যান, ১৩ নং পানিউমদা ইউ/পি, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১২-১১৬৭৭১ |
| ০৯. | জনাব মোঃ খায়রুল ইসলাম চৌধুরী | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১২-১৮১৫৬২ |
| ১০. | জনাব মোঃ তোফাজ্জল হোসেন খান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ | |
| ১১. | জনাব মনোরঞ্জন দাশ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৯-৫০০১৩৩ |
| ১২. | জনাব দিব্যাংশু রঞ্জন রায় | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৯-৮৯২২৩৪ |
| ১৩. | জনাব সৈয়দ আহাদ মিয়া | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্রসেচ) ইউনিট, নবীগঞ্জ। | ০১৭৪৭-২৯২৯৮৭ |
| ১৪. | জনাব রাজিয়া বেগম | সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭৯৬-২৬৬১৮৭ |
| ১৫. | জনাব মোছাঃ আশিকুন বেগম | সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭১৮-৬০৬৩৫০ |
| ১৬. | জনাব মোছাঃ ফারজানা আক্তার | সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭৪১-৭৫৪৯৭২ |
| ১৭. | জনাব মোছাঃ আয়েশা খানম রানী | সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১৭৮৯-৯৯০২৩৯ |